JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/24/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো প্রস্তুতির আপডেট জারি করলেন অত্যন্ত প্রবল বাতাস যখন নিউ ইয়র্ককে প্রভাবিত করতে শুরু করলো

স্টেটের বেশির ভাগ জায়গায় বাতাসের গতিবেগ ঘণ্টায় 40 থেকে 50 মাইলে পৌঁছতে পারে; পশ্চিম নিউ ইয়র্ক এবং নর্থ কাউন্টির পশ্চিম অংশগুলিতে গতিবেগ ঘণ্টায় 70 থেকে 75 মাইল পর্যন্ত হতে পারে

250 ন্যাশনাল গার্ড (National Guard) সদস্যদের সক্রিয় করা হয়েছে আবর্জনা পরিষ্কার করার জন্য

দিনের মধ্যে 24 ঘন্টা উপযোগিতাগুলি প্রস্তুত রয়েছে বিদ্যুত সরবরাহ ব্যাহত হলে তাতে সাড়া দেবার জন্য

সমস্ত খালি ট্র্যাক্টর ট্রেলর এবং খালি ট্যান্ডেম নিষিদ্ধ করা হয়েছে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে এবং আন্ত:স্টেট মহাসড়কের কিছু অংশ থেকে

খালি ট্র্যাক্টর ট্রেলর এবং খালি ট্যান্ডেম মেট্রোপলিটান ট্রান্সপোর্ট অথরিটির (Metropolitan Transportation Authority, MTA) ব্রিজগুলিতে নিষিদ্ধ করা হতে পারে সন্ধ্যা 10টা থেকে রবিবার

স্টেটের সংকটকালীন পরিচালন কেন্দ্র (Emergency Operations Center) সক্রিয় থাকবে ঝড় চলাকালীন বর্ধিত পর্যবেক্ষণ মোডে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিয় ইয়র্কবাসীদের স্টেটের প্রস্তুতি সম্পর্কে হালনাগাদ করেন, যখন অত্যন্ত প্রবল এবং বিপজ্জনক বাতাস স্টেটের বেশির ভাগ এলাকা প্রভাবিত করতে থাকে। বর্তমানে, এক শৈত্যপ্রবাহ স্টেট জুড়ে অগ্রসর হচ্ছে মিশ্র অধঃক্ষেপণ সহ, সাথে অত্যন্ত প্রবল বাতাস, রবিবার এবং সোমবার জুড়ে। স্টেটের বেশিরভাগ এলাকায় রবিবার রাতে ও সোমবার বাতাসের গতিবেগ ঘন্টায় 45 মাইল বা তার বেশি হতে পারে; এবং পশ্চিম নিউ ইয়র্ক ও নর্থ কাউন্টির পশ্চিমাংশে কখনো কখনো এ গতিবেগ ঘন্টায় 75 মাইল অতিক্রম করতে পারে।

তার প্রতি প্রতিক্রিয়াস্বরূপ, গভর্নর অতিরিক্ত 150 জন ন্যাশনাল গার্ড সদস্যদের সক্রিয় করেছেন ঝড় সম্পর্কিত আবর্জনা পরিষ্কার করার জন্য, যার ফলে মোট সক্রিয় ন্যাশনাল গার্ডের সংখ্যা দাঁড়ালো 250 এ। এছাড়াও, উপযোগিতাগুলি দিনের মধ্যে 24 ঘন্টাই প্রস্তুত রয়েছে বিদ্যুত সরবরাহ ব্যাহত হবার মোকাবিলা

করতে এবং যখন প্রয়োজন হবে তাদের সংকটকালীন পরিকল্পনাগুলি বাস্তবায়ন করতে বাধ্যতামূলকভাবে। তা ছাড়াও, খালি ট্র্যাক্টর ট্রেলর এবং খালি ট্যান্ডেম নিষিদ্ধ করা হয়েছে পশ্চিম নিউ ইয়র্ক, সেন্ট্রাল নিউ ইয়র্ক ও ফিঙ্গার লেক অঞ্চলে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে এবং আন্ত:স্টেট মহাসড়কের কিছু অংশে রবিবার, সকাল 10টা থেকে শুরু করে। রবিবার সন্ধ্যা 10টা থেকে শুরু করে, খালি ট্র্যাক্টর ট্রেলর এবং খালি ট্যান্ডেম চলাচল করা নিষিদ্ধ করা হবে নিউইয়র্ক সিটিতে সাতটি MTA-র রক্ষনাবেক্ষণ করা ব্রিজ দিয়ে।

"আমরা এই অত্যন্ত প্রতিকূল আবহাওয়ার পরিস্থিতিতে একটি জিনিস শিখেছি, আপনি যদি ঝড়ের প্রকোপ বেড়ে ওঠা অবধি অপেক্ষা করেন আপনার পদক্ষেপগুলি নেবার জন্য, তাহলে বড় দেরী করে ফেলবেন", **গভর্নর কুওমো বলেছেন।** "বিপজ্জনক প্রবল বাতাসের প্রতি মসৃন প্রতিক্রিয়া প্রদর্শন করতে আমরা সব রকম সতর্কতা অবলম্বন করেছি এবং উপযোগিতাগুলির কাছে পরিষ্কার করে দিয়েছি যে তাদের অবশ্যই যত দ্রুত সম্ভব কাজ করতে হবে বিদ্যুত পুন:প্রতিষ্ঠা করার জন্য। আমি সমস্ত নিউইয়র্কবাসীদের ঝড়ের সময় সতর্ক থাকার জন্য উত্সাহ দিচ্ছি এবং বিদ্যুত সর্বরাহ ব্যাহত হলে তা অবিলোবে তাদের উপযোগিতা প্রদানকারীদের জানাতে অনুরোধ করছি।"

খালি ট্র্যাক্টর ট্রেলর এবং খালি ট্যান্ডেম চলাচল করা বর্তমানে নিষিদ্ধ করা হয়েছে নিম্নলিখিত আন্ত:স্টেট মহাসড়ক এবং MTA ব্রিজগুলিতে পরবর্তী ঘোষণা না হওয়া অবধি:

DOT হাইওয়েজ:

- I-390 ড্যানসভাইল (Dansville) থেকে to Rt 104
- I-490 I-90 এক্সিট 45 থেকে I-90 এক্সিট 47
- I-590 (সম্পূর্ণ হাইওয়ে)
- Rt 104 বে ব্রিজ-এ
- I-190 গ্র্যান্ড আইল্যান্ড থেকে লুইস্টন / কুইন্সটন
- I-290 I-190 থেকে I-90 পর্যন্ত
- NY 5 I-190 থেকে NY 179 (স্কাইওয়ে'র এলিভেটেড সেকশনে সব ধরনের ট্র্যাক নিষিদ্ধ)
- US 219 I-90 থেকে পিটার্স রোড
- NY 400 NY 16 থেকে I-90
- I-990 I-290 থেকে NY 263

থ্রুওয়ে হাইওয়েজ:

- I-90 এক্সিট 31 (ইউটিকা) ও এক্সিট 61 এর মধ্যবর্তী সড়ক (রাইপ্লে থেকে PA লাইন)
- নায়াগ্রা থ্রুওয়ে (I-190)

MTA ব্রিজগুলি:

- রবার্ট এফ. কেনেডি ব্রিজ
- থ্রগ্স নেক ব্রিজ
- ভের্জানো-ন্যারোজ ব্রিজ

- ব্রঙ্কস-হোয়াইটস্টোন ব্রিজ
- হেনরি হাডসন ব্রিজ
- মেরিন পার্কওয়ে-গিল হজেস মেমোরিয়াল ব্রিজ
- ক্রস বে ভেটেরান্স মেমোরিয়াল ব্রিজ

বর্তমানে পশ্চিম নিউ ইয়র্ক এবং লেক ইরি (Lake Erie) ও অন্টারি (Lake Ontario)-এর কাউন্টিগুলোতে শক্তিশালী ক্ষতিকর ঝড়ো বাতাস বয়ে যেতে পারে। রবিবার সকাল জুড়ে পশ্চিম নিউ ইয়র্কে দমকা বাতাস বৃদ্ধি পাবে এবং বেলা বাড়ার সাথে সাথে এটি ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক ও নর্থ কাউন্টি অঞ্চলে ছড়িয়ে পড়বে। চাওতুয়াকুয়া (Chautauqua) কাউন্টি, উত্তর নায়াগ্রা ফ্রন্টিয়ার, রচেস্টার, ও জেফারসন কাউন্টিতে দমকা বাতাসের গতিবেগ দ্রুত ঘন্টায় 75 মাইল পর্যন্ত উঠবে। লেক ইরি ও লেক অন্টারিওর তীরবর্তী এলাকায় ঝড়ো বাতাসে পানির স্তর বাড়তে পারে এবং রবিবার রাতে ও সোমবার সকালে উল্লেখযোগ্য তুষারপাত হতে পারে যার ফলে দৃষ্টিসীমা হ্রাস পেতে পারে।

পশ্চিম নিউ ইয়র্কে এবং ফিঙ্গার লেকস অঞ্চলে এক থেকে তিন ইঞ্চি বরফের পূর্বাভাস করা হয়েছে, এবং টাগ হিল প্ল্যাটু অঞ্চলে আট থেকে বারো ইঞ্চি আশা করা হচ্ছে লেফ এফেক্ট সৃষ্ট বরফের কারণে। বাতাস এবং বরফ একত্রিতভাবে, তুষারঝড়ের সতর্কতা জারি করা হবে ওসওয়েগো, জেফারসন এবং লিউইস কাউন্টিতে।

পূর্বাভাস যে সম্ভাব্য চিত্রটি দেখছে তা হলো নিউ ইয়র্ক সিটি ও লং আইল্যান্ডে বাতাসের গতিবেগ ঘন্টায় 45 মাইল; মধ্য-হাডসন, ক্যাপিটাল, মোহাওক ভ্যালি, সেন্ট্রাল নিউ ইয়র্ক ও সাদার্ন টিয়ার অঞ্চলগুলিতে ঘন্টায় 50 মাইল; নর্থ কাউন্টি জুড়ে ঘন্টায় 70 মাইল; এবং পশ্চিম নিউ ইয়র্ক ও ফিঙ্গার লেকস অঞ্চলে ঘন্টায় 75 মাইল পর্যন্ত পৌঁছুতে পারে।

ন্যাশনাল ওয়েদার সার্ভিস ইতোমধ্যে স্টেটের বেশিরভাগ এলাকা জুড়ে তীব্র বাতাস পর্যবেক্ষণ ও সতর্কীকরণ বার্তা পোস্ট করেছে। এছাড়া, রবিবার থেকে সোমবার শক্তিশালী বাতাসের ফলে পানিতে তীব্র ঢেউ সৃষ্টি হতে পারে বিধায় লেক ইরি ও অন্টারিও'র কাউন্টিগুলোতে লেকশোর ফ্লাড ওয়াচেস (Lakeshore Flood Watches) কার্যকর থাকবে। আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ওয়েবসাইট।

মোটরচালকদের স্টেটের এই আইন মনে রাখতে বলা হচ্ছে যার দ্বারা কোনো ইন্টারসেকশন যদি "ব্ল্যাকড আউট" হয়ে যায় ট্র্যাফিক সিগন্যাল কাজ না করে, তাহলে ইন্টারসেকশনটি স্বয়ংক্রিয়ভাবে "ফোর ওয়ে" স্টপ হয়ে যাবে। বন্যা, তার ছিড়ে পড়া বা ধ্বংসাবশেষের জন্য যদি রাস্তাঘাট বন্ধ বা আটকে যায়, মোটরচালকদের সতর্কতার সাথে কাজ করার উপদেশ দেওয়া হচ্ছে এবং সব ট্র্যাফিক সাইন ও ব্যারিকেড মেনে চলতে বলা হচ্ছে এমনকি যদি রাস্তা সাফ মনে হয় তখনো।

এজেন্সির প্রস্তুতি

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

আবহাওয়া পরিস্থিতি ও এর প্রভাব ঘনিষ্ঠভাবে অনুসরণে ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি ও ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) রবিবার সকালে স্টেট

ইমার্জেন্সি অপারেশন্স সেন্টার (State Emergency Operations Center)-কে অধিক পর্যবেক্ষণ মোড-এ সক্রিয় করবে। ডিভিশনটি এছাড়া স্টেট এজেন্সি ও স্থানীয় সরকারের সাথে সমন্বয় অব্যাহত রেখেছে যাতে করে স্টেটের দশটি আঞ্চলিক মজুদ ঝড়ের পুরো সময় জুড়ে বিতরণের জন্য সুলভ থাকে। বর্তমানে সংরক্ষিত মজুদগুলো সহায়তার আবেদনে সাড়া দিতে প্রস্তুত রয়েছে, মজুদগুলোর মধ্যে রয়েছে:

- 725টির বেশি জেনারেটর
- 1,250টির বেশি পাম্প
- 2 মিলিয়নের বেশি বালুর বস্তা
- 19 স্যান্ডব্যাগার্স
- 6,700 ফুটেরও বেশি পানির বাঁধ (Aquadam)

<u>জনসেবা অধিদপ্তর (Department of Public Service)</u>

জনসেবা অধিদপ্তর (Department of Public Service) উপযোগিতার গরিষ্ঠ আধিকারিকদের সাথে যোগাযোগ রাখছে নিশ্চিত করার জন্য যে উপযোগিতাগুলি যেন খারাপ আবহাওয়ার মোকাবেলার জন্য প্রস্তুত থাকে, এবং তারা উপযোগিতাগুলির ঝড়-প্রস্তুতি প্রচেষ্টা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে যাতে বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হওয়া কমাতে প্রস্তুত থাকে এবং বিদ্যুৎ সংযোগ দ্রুততার সাথে পুন:প্রতিষ্ঠা করার জন্য। পরিষেবার ব্যাঘাত ঘটলে তা সর্বনিম্ন রাখার জন্য বিদ্যুৎ ও গ্যাস ইউটিলিটি ও ভেরিজোনের (Verizon) মতো টেলিযোগাযোগ সেবা প্রদানকারীরা অতিরিক্ত কর্মী নিয়ে প্রস্তুত আছে।

নিউ ইয়র্কের উপযোগিতায় 7,000-এরও বেশি কর্মী আছেন যারা পুন:প্রতিষ্ঠা করার কাজের জন্য প্রস্তুত রয়েছে, এছাড়া 1,700-এরও বেশি বহিরাগত লাইন ও গাছ কাটার কর্মীদের এই ঘটনার জন্য নিয়ে আসা হয়েছে, যাদের সব চেয়ে প্রভাবিত এলাকাগুলিতে নিয়োগ করা হবে। ইউটিলিটিগুলি সতর্ক রয়েছে এবং ঝড়ের বিকাশ খুব মনোযোগ দিয়ে পর্যবেক্ষণ করছে এবং যেখানে প্রয়োজন পুনঃস্থাপন কর্মী নিয়োগ করবে। অধিদপ্তরের কর্মীরা ঝড়ের সময় ইউটিলিটিগুলির প্রচেষ্টা পর্যবেক্ষণ করতে থাকবে। পুন:স্থাপন প্রচেষ্টা ব্যহত করতে পারে এমন টানা ঝড়ো বাতাসের ফলে দীর্ঘমেয়াদী লোডশেডিংয়ের আশংকা থেকে সেবা সংস্থাগুলো বাড়তি সংস্থান নিশ্চিতের চেষ্টা করে যাবে।

বিদ্যুৎ ব্যাঘাতের ক্ষেত্রে ইউটিলিটিগুলি দিনে 24 ঘন্টা কাজ করার জন্য প্রস্তুত এবং প্রয়োজন হলে তাদের জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা বাস্তবায়ন করবে, যার মধ্যে রয়েছে লাইফ-সাপোর্ট ও অন্যান্য জরুরি অবস্থার কাস্টোমারদের সাথে যোগাযোগ করা। নিউ ইয়র্কের অধিবাসীদেরকে কয়েক-দিন-ব্যাপী লোডশেডিং-এর জন্য প্রস্তুত থাকার পরামর্শ দেওয়া হচ্ছে।

সম্ভাব্য উল্লেখযোগ্য খারাপ আবহাওয়ার নিরিখে, অধিদপ্তর তাদের কল সেন্টার হেল্পলাইনের সময় 24 ফেব্রুয়ারি রবিবার সকাল 9:00টা থেকে শুরু করে বিকাল 5:00টা পর্যন্ত বাড়িয়েছে যাতে ঝড়ের প্রতি প্রতিক্রিয়ায় ও পুন:প্রতিষ্ঠার প্রচেষ্টায় গ্রাহকদের সহায়তা করা যায়। অধিদপ্তরের কল সেন্টার হেল্পলাইন পাওয়া যাবে (800) 342-3377 এ ফোন করে। অধিদপ্তরের কর্মীরা ঝড়ের পুরো সময়ে ঝড়ের প্রভাব ও ইউটিলিটি পুনঃস্থাপন কার্যক্রম পর্যবেক্ষণ করবে এবং প্রতিবেদন দিবে এবং প্রয়োজন হলে মাঠপর্যায়ে কাজ করবে।

পুনঃস্থাপন সময়কালে অধিদপ্তরের কর্মীরা ইউটিলিটিগুলির প্রচেষ্টা পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে। ইউটিলিটিগুলি ঘটনার পুরো সময়ে বিদ্যুৎ ব্যাঘাতের প্রতিক্রিয়ায় প্রস্তুত।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA)
নিউ ইয়র্ক বিদুৎ কর্তৃপক্ষ (NYPA)প্রবল বাতাস সহ পূর্বাভাস করা আবহাওয়ার মোকাবিলা করার জন্য তাদের সকল সুযোগ-সুবিধা ও কার্যক্রম নিয়োজিত করার প্রস্তুতি নিচ্ছে। নায়াগ্রাতে, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (NYPA) উপকরণ প্রস্তুত করছে যাতে প্রয়োজনীয় আইস বুম মেরামত করা যায় এবং প্রয়োজনীয় বরফ ভাঙ্গার কাজ করা যায়। এছাড়া NYPA বিদুৎ গ্রিডের নির্ভরশীলতা বাড়াতে অব্যাহত নিরাপদ অপারেশন চালানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। NYPA বিতরণ কর্মীগণ বিতরণ ব্যবস্থায় কোনো বিঘ্ন ঘটলে তা মোকাবেলার জন্য প্রস্তুত রয়েছে। NYPA এছাড়া পৌর সেবা সংস্থা এবং বিনিয়োগ-মালিকানাধীন সংস্থাগুলোর সাথেও যোগাযোগ রাখছে যাতে লোডশেডিং মোকাবেলায় প্রয়োজন মাফিক যৌথ উদ্যোগের ব্যাপারে সমন্বয় করা যায়। NYPA সেবা সংস্থা ও জরুরি ব্যবস্থাপনা অংশীদারদের সাথে যোগাযোগ চালিয়ে যাবে এবং আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করে যাবে।

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT)
পরিবহণ অধিদপ্তর-এর স্টেট জুড়ে 3,900-এর বেশি তত্বাবধায়ক ও অপারেটর রয়েছে যারা এ সপ্তাহের পরিস্থিতি মোকাবেলার জন্য প্রস্তুত। বর্তমানে স্টেট জুড়ে অধিদপ্তরটির 78 জন গাছ কর্তনকারী, 53টি ট্রাফিক সিগনাল ট্র্যাক, 15টি ট্রি ক্রু বাকেট ট্রাক, এবং 45টি কবল-যুক্ত লোডার রয়েছে।

এছাড়াও, গুরুত্বপূর্ণ অঞ্চলে প্রতিক্রিয়ার ক্রিয়াকলাপে সহায়তা করার জন্য, 15টি কাঠ কাটার মানুষ, 4টি ট্র্যাফিক সিগনালের ট্রাক, 1টি অউগার ট্রাক, 1টি ট্রি ক্রু বাকেট ট্রাক, 1টি মধ্যম ক্ষমতার কাজের ট্রাক, 27টি বহনযোগ্য পরিবর্তনশীল বার্তার চিহ্ন এবং 13টি কর্মী - যার অন্তভুক্ত 8টি সিগনাল প্রযুক্তিবিদ, 3টি ট্রি ক্রু কর্মী এবং 2টি ICS সহায়তার বিশেজ্ঞ - এদের নিয়োগ এবং বিতরণ করা হবে এইভাবে:

সেন্ট্রাল নিউ ইয়র্ক:

- মধ্য-হাডসন অঞ্চল থেকে 1টি ট্রাফিক সিগনাল ট্র্যাক, 2 জন ট্রাফিক সিগনাল কারিগর পাবে।

ফিঙ্গার লেকসঃ

- ক্যাপিটাল ডিস্ট্রিক্ট থেকে 1টি ট্রাফিক সিগনাল ট্র্যাক, 2 জন ট্রাফিক সিগনাল প্রযুক্তিবিদ পাওয়া যাচ্ছে।
- সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে 9টি বহনযোগ্য পরিবর্তনশীল বার্তার চিহ্ন পাওয়া যাচ্ছে।

পশ্চিম নিউ ইয়র্ক:

- ক্যাপিটাল রিজিওন থেকে 4 জন গাছ কর্তনকারী পাবে
- মোহাওক ভ্যালি থেকে 3 জন গাছ কর্তনকারী পাবে
- মধ্য-হাডসন রিজিওন থেকে 4 জন গাছ কর্তনকারী পাবে
- সাদার্ন টিয়ার থেকে 4 জন গাছ কর্তনকারী পাবে
- সাদার্ন টিয়ার থেকে 1টি ট্রাফিক সিগনাল ট্র্যাক, 2 জন ট্রাফিক সিগনাল কারিগর পাবে।

- মোহাওক ভ্যালি ও ক্যাপিটাল রিজিওন থেকে 1টি ট্রাফিক সিগনাল ট্র্যাক, 2 জন ট্রাফিক সিগনাল কারিগর পাবে।
- মোহক ভ্যালি থেকে 6টি বহনযোগ্য পরিবর্তনশীল বার্তার চিহ্ন পাওয়া যাচ্ছে।
- সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে 6টি বহনযোগ্য পরিবর্তনশীল বার্তার চিহ্ন পাওয়া যাচ্ছে।
- সাদার্ন টিয়ার থেকে 6টি বহনযোগ্য পরিবর্তনশীল বার্তার চিহ্ন পাওয়া যাচ্ছে।
- সাদার্ন টিয়ার থেকে 1টি অউগার ট্রাক পাওয়া যাচ্ছে
- মধ্য-হাডসন অঞ্চল থেকে 1টি ট্রি ক্রু বাকেট ট্রাক, 1টি মধ্যম ক্ষমতার কাজের ট্রাক এবং 3টি ট্রি ক্রু কর্মী পাওয়া যাচ্ছে।

চিপার এবং অউগার ট্রাকগুলি বর্তমানে তাদের স্টেজিং অঞ্চলে উপস্থিত এবং নিয়োগ হবার জন্য প্রস্তুত। বারোটি বহনযোগ্য পরিবর্তনশীল বার্তার চিহ্ন বর্তমানে তাদের স্টেজিং অঞ্চলে রয়েছে এবং নিয়োগ হবার জন্য প্রস্তুত; অবশিষ্ট 15টি তাদের স্টেজিং অঞ্চলের পথে রয়েছে। ট্রাফিক সিগনাল ক্রু এবং ট্রি ক্রু কর্মীদের শনিবার নিয়োগ করা হয়েছে প্রভাবিত অঞ্চলগুলিতে এবং তারা তাদের জায়গায় থাকবেন এই বাতাসের ঘটনার আগে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথারিটি ঝড়ো বাতাস সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় স্টেট জুড়ে 667 জন অপারেটর ও সুপারভাইজার, ছোট থেকে মাঝারি আকারের খননযন্ত্র, প্লাও/ডাম্প ট্রাক, বড় লোডার, এবং বেশ কিছু বহনযোগ্য VMS বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও উপকরণ টানার ট্রেলার এবং যেকোনো ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে পুরো স্টেটে বন্যা সমস্যার সমাধানে কর্মীরা প্রস্তুত আছে। নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে ঝড়ো বাতাস সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুত রয়েছে। থ্রুওয়েতে আবহাওয়া পরিস্থিতির ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকম বার্তা চিহ্ন, হাইওয়ে পরামর্শ রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আইফোন ও অ্যানড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে উপলভ্যআইফোনএবংঅ্যানড্রয়েডডিভাইসে| অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপও করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে এই লিঙ্ক www.thruway.ny.gov/tas/index/shtml অনুসরণ করে। রিয়েল-টাইম আপডেটের জন্য, মোটরচালকরা থ্রুওয়ে ও নিউ ইয়র্কের অন্যান্য রাস্তার ট্রাফিক পরিস্থিতি প্রদর্শনকারী ইন্টারেক্টিভ ম্যাপ দেখতে টুইটারে @ThruwayTraffic অনুসরণ করতে পারেন অথবা www.thruway.ny.gov ভিজিট করতে পারেন।

মহানগর পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA)
MTA ক্রমাগত বাতাস এবং পথের অবস্থা পর্যবেক্ষণ করছে এবং MTA-ব্রিজগুলিতে খালি এবং ট্যানডেম ট্রেলার চলাচলের উপর নিষাধাজ্ঞা থাকবে রবিবার সন্ধ্যা 10টা থেকে সোমবার সন্ধ্যা 6টা অবধি। MTA সমস্ত ট্র্যাক্টর ট্রেলরের মত যান চলাচল সীমিত করতে পারে, যদি ব্রিজগুলিতে বাতাসের গতি 50 প্রতি মাইল বজায় থাকে। স্টেট পুলিশ, ন্যাশনাল গার্ড এবং নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (New York Police Department, NYPD) MTA কর্মীদের সাহায্য করবে MTA ব্রিজ এবং টানেলগুলিতে যদি প্রয়োজন হয়। খোলা অঞ্চলে পড়ে

যাওয়া গাছ এবং তার সংক্রান্ত ঘটনায় প্রতিক্রিয়ার জন্য লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road), মেট্রো-নর্থ রেলরোড (Metro-North Railroad) এবং নিউ ইয়র্ক সিটি ট্রানসিট (NYC Transit) তাদের কর্মীদের প্রস্তুত রেখেছেন।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
স্টেট পুলিশ ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে প্রয়োজন-মাফিক অতিরিক্ত পুলিশ সদস্য মোতায়েন করবে, এবং সব কমার্শিয়াল ভেহিকল এনফোর্সমেন্ট ইউনিট (Commercial Vehicle Enforcement Unit) ও ট্রাফিক ইনিসিডেন্ট ম্যানেজমেন্ট (Traffic Incident Management) পেট্রোল প্রতিকূল আবহাওয়া চলাকালীন সক্রিয়ভাবে নিয়োজিত থাকবে। সকল ফোর-হুইল ড্রাইভ গাড়ি কাজে নিয়োগ করা হয়েছে এবং স্নোমোবাইল ও ইউটিলিটি টাস্ক যানের (Utility Task Vehicles) মত বিশেষ গাড়ি কাজে নিয়োজিত হওয়ার জন্য তৈরি আছে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation)
ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনসারভেশন পুলিশ অফিসার্স, ফরেস্ট রেঞ্জার্স, ইমার্জেন্সি ম্যানেজমেন্ট স্টাফ, ও আঞ্চলিক কর্মীগণ সবাই সতর্কাবস্থায় রয়েছেন এবং পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন। একুশ জন করাত-কর্মী স্টেটের গুরুত্বপূর্ণ অঞ্চলসমূহের কৌশলগত স্থানগুলোতে অবস্থান নিয়েছে এবং যেকোনো গাছ অপসারণ ও পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে। এছাড়া, স্নোমোবাইল ও ইউটিলিটি যানসহ বিদ্যমান সকল সংস্থান যেকোনো জরুরি পরিস্থিতিতে সহায়তার জন্য প্রস্তুত আছে।

নিরাপত্তা পরামর্শ

সম্ভাব্য লোডশেডিং মোকাবেলায়, নিউ ইয়র্ক-এর অধিবাসীদের যা করা উচিত:

- জরুরি ফোন নম্বরগুলোর একটি তালিকা হাতের কাছ রাখুন।
- বাসায় বা কর্মস্থলে, ব্যাটারি-চালিত একটি রেডিও ও ফ্ল্যাশলাইট, এবং অতিরিক্ত ব্যাটারি সাথে রাখুন। পানি, ঔষধ, ও শুকনো খাবারের জরুরি সরবরাহ মজুদ রাখুন। আপনি যদি রেফ্রিজারেটরে রাখতে হয় এমন কোনো ঔষধ সেবন করেন, জেনে রাখুন যে বেশিরভাগ ঔষধ কয়েক ঘণ্টার জন্য বন্ধ রেফ্রিজারেটরে রাখা যায় – আপনার ডাক্তার বা ফার্মাসিস্টের সাথে পরামর্শ করুন।
- নিশ্চিত করুন যে আপনার ফোন বা চার্জ দিতে হয় এরূপ যন্ত্র চার্জের বিকল্প ব্যবস্থা রয়েছে। মোবাইল ফোন ও ব্যাটারি-চালিত যেকোনো যন্ত্র চার্জ দিন।
- আপনার রেফ্রিজারেটর বা ফ্রিজারে জায়গা থাকলে, প্লাস্টিকের বোতলে রাখার সময় এক ইঞ্চি সমপরিমাণ জায়গা খালি রেখে বোতল ভর্তি করুন – এর ফলে বিদ্যুৎ চলে গেলেও খাবার ঠাণ্ডা থাকে।
- আপনার গ্যারেজের দরজা যদি বৈদ্যুতিকভাবে খুলতে হয়, তাহলে ম্যানুয়ালি খোলার স্থানটি শনাক্ত করে রাখুন ও কিভাবে সেটি খুলতে হয় জেনে নিন।
- আপনার গাড়ির গ্যাসের ট্যাংক কমপক্ষে অর্ধেক ভরে রাখুন; গ্যাস স্টেশনগুলো পাম্প চালানোর জন্য বিদ্যুতের উপর নির্ভরশীল। আপনি যদি যন্ত্র চার্জ দেওয়ার কাজে গাড়ি ব্যবহার করেন, সেক্ষেত্রে গ্যারেজে গাড়ি চালু রাখবেন না, গাড়িটি আংশিক বদ্ধ স্থানে, বা বাসার কাছাকাছি রাখবেন না – এতে কার্বন মনোঅক্সাইড বিষক্রিয়া তৈরি হতে পারে।

- ক্যাম্প স্টোভ বা আউটডোর গ্রিলের মতো বিকল্প রান্নার ব্যবস্থা করে রাখুন। বাসার বাইরে এর ব্যবহারের যথাযথ নিরাপত্তা নিয়মাবলী অনুসরণ করুন।
- আপনি বাসায় কোনো জেনারেটর লাগানোর চিন্তা করে থাকলে, সেটি কেনার বা প্রতিস্থাপনের পূর্বে একজন বিদ্যুৎ মিস্ত্রি বা প্রকৌশলীর পরামর্শ নিন।
- উষ্ণতার জন্য হাতের কাছে বাড়তি কম্বল, কোট, হ্যাট, ও হাতমোজা রাখুন।
- আপনার কম্পিউটার থাকলে, ফাইল ও অপারেটিং সিস্টেম নিয়মিত ব্যাক আপ রাখুন। অব্যবহৃত অবস্থায় সব কম্পিউটার, মনিটর, ও অন্যান্য যন্ত্রপাতি বন্ধ করে রাখুন।
- আপনি মেডিকেল উপকরণ জাতীয় ব্যাটারি-চালিত বা বিদ্যুৎ-চালিত কিছুর উপর নির্ভরশীল হলে, বিকল্প চিন্তা করে রাখুন। যেমন, আপনার টেলিফোনের জন্য যদি বিদ্যুৎ সংযোগ আবশ্যক হয়, সেক্ষেত্রে একটি প্রমিত টেলিফোন হ্যান্ডসেট, মোবাইল ফোন, বা রেডিওর মতো বিকল্প যোগাযোগের ব্যবস্থা করে রাখুন।
- স্টেটের অথবা স্থানীয় ওয়েবসাইটে গিয়ে আপনার এলাকার জরুরি পরিকল্পনা সম্পর্কে জেনে নিন, যেমন- নিকটস্থ শীতল ও উষ্ণ আশ্রয়কেন্দ্রের অবস্থান।

বিদ্যুৎ চলে গেলে, নিউ ইয়র্কের অধিবাসীদের উচিত:

- বিদ্যুৎ-চালিত গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি ও অন্যান্য উপকরণ বন্ধ করে রাখুন বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দিন, যেমন- কম্পিউটার, কারণ বিদ্যুৎ সরবরাহ সাময়িক বেড়ে গেলে তা আপনার যন্ত্রকে নষ্ট করে দিতে পারে। একটি বাতির সুইচ চালু করে রাখুন যাতে বিদ্যুৎ ফিরে আসলে আপনি জানতে পারেন। যখনই বৈদ্যুতিক উপকরণ ব্যবহার করবেন, বিদ্যুৎ সার্জ প্রটেক্টর ব্যবহার করুন।
- বিদ্যুৎ চলে গেলে সেবা সংস্থাকে ফোন করুন এবং অফিসিয়াল তথ্যের জন্য স্থানীয় বেতার সম্প্রচার শুনুন। নিউ ইয়র্ক স্টেটে উপলব্ধ উপযোগিতার তালিকার জন্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস দেখুন।
- আপনার পড়শীদের বিদ্যুত সরবরাহ বজায় আছে কিনা দেখুন। যোগাযোগ সহায়তা ও ফাংশনাল সহায়তা প্রয়োজন এমন ব্যক্তিদের খোঁজ নিন।
- জরুরি আলো জ্বালানোর জন্য কেবল ফ্ল্যাশলাইট ব্যবহার করুন – মোমবাতি থেকে আগুন লাগার ঝুঁকি রয়েছে।
- রেফ্রিজারেটর ও ফ্রিজারের দরজা বন্ধ রাখুন – রেফ্রিজারেশন প্রয়োজন এমন বেশিরভাগ খাবার রেফ্রিজারেটরের দরজা বন্ধ অবস্থায় কয়েক ঘন্টা নিরাপদ থাকে। দরজা বন্ধ অবস্থায় রেফ্রিজারেটর কমপক্ষে চার (4) ঘন্টা খাবার ঠাণ্ডা রাখে। একটি পূর্ণাঙ্গ ফ্রিজার প্রায় 48 ঘন্টার জন্য তাপমাত্রা ধরে রাখবে।
- ঘর গরম করার জন্য কয়লার গ্রিল ইনডোর এবং গ্যাস স্টোভ ব্যবহার করবেন না – এগুলো থেকে ক্ষতিকর মাত্রার কার্বন মনোঅক্সাইড ছড়াতে পারে।
- ঠাণ্ডা আবহাওয়ায়, কয়েক স্তরের জামা পরে এবং বাইরে কম সময় কাটানোর মাধ্যমে উষ্ণ থাকুন। ঠাণ্ডা-বাহিত বিভিন্ন উপসর্গ (যেমন, হাইপোথার্মিয়া) সম্পর্কে সচেতন থাকুন এবং এ ধরনের কোনো উপসর্গ দেখা গেলে ডাক্তার দেখান।

- তীব্র গরমে, কোনো সিনেমা হল, শপিং মল বা শীতল আশ্রয়কেন্দ্রে যেতে পারেন। বাড়িতে থাকলে, সবচেয়ে নিচের তলায় চলে যান – সেখানে ঠাণ্ডা বাতাস আসে। কম ওজনের, হালকা রংয়ের কাপড় পরিধান করুন এবং তেষ্টা না পেলেও প্রচুর পানি পান করুন।
- আপনি কোনো উঁচু ভবনে থাকলে, সিড়ি বেয়ে ভবনের সবচেয়ে নিচের তলায় নেমে যান। এলিভেটরে আটকে গেলে, সহায়তার জন্য অপেক্ষা করুন। জোর করে দরজা খোলার চেষ্টা করবেন না। ধৈর্য ধরুন – এলিভেটরে প্রচুর বাতাস থাকে এবং এর ভেতরটা ব্যবহারকারির নিরাপত্তার কথা মাথায় রেখে তৈরি।
- আপনার পোষা প্রাণীকে সতেজ, ঠাণ্ডা পানি খাওয়াতে ভুলবেন না।
- অপ্রয়োজনীয় ভ্রমণ বাতিল করুন, বিশেষ করে গাড়িতে চড়ে। বিদ্যুৎ চলে গেলে ট্রাফিক বাতি কাজ করবে না, ফলে রাস্তায় জ্যাম লেগে যেতে পারে এবং গাড়ি চলাচলে বিপজ্জনক পরিস্থিতি তৈরি হতে পারে। লোডশেডিং অবস্থায় আপনাকে যদি গাড়ি চালাতেই হয়, তাহলে ট্রাফিক সিগনাল অকেজো থাকা সংযোগ সড়কগুলোতে 4-মুখী থামার নিয়মটি মেনে চলবেন।
- মনে রাখবেন যে ব্যাংকের এটিএম মেশিন ও এলিভেটর কাজ নাও করতে পারে।
- দীর্ঘ সময়ের জন্য বিদ্যুৎ না থাকলে, অন্য আরেকটি স্থানে যাওয়ার পরিকল্পনা করুন, যেমন- কোনো আত্মীয় বা বন্ধুর বাসা, অথবা উষ্ণতার বন্দোবস্ত রয়েছে এমন কোনো সরকারি ভবন।

আবহাওয়া পরিভাষার পূর্ণাঙ্গ তালিকা ও বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হবার পূর্বে এবং পরে প্রস্তুতি সংক্রান্ত ধারণার জন্য, হোমল্যান্ড নিরাপত্তা বিভাগ ও জরুরি পরিষেবার (Division of Homeland Security and Emergency Services) ওয়েবসাইটটি পরিদর্শন করুন http://www.dhses.ny.gov/oem/safety-info/outage/।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন